একই তারিখ ও স্মারকের সংশোধিত পত্র

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- পনি/পিএ-১১৭৮ তারিখ : ১১-১১-২০২৫ খ্রি.

বিষয় : এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র প্রণেতা (সেটার) ও পরিশোধনকারী (মডারেটর) তৈরির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের জন্য বিষয়ভিত্তিক শিক্ষকবৃন্দের নামের তালিকা প্রেরণ সংক্রান্ত।

সূত্র : বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির ১১-১১-২০২৫ তারিখের আশিবো/প্রশা:/২০১০/১৭৪ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র প্রণেতা (সেটার) ও পরিশোধনকারী (মডারেটর) তৈরি ও দক্ষতা অর্জনের লক্ষ্যে বিষয়ভিত্তিক শিক্ষকগণকে আন্তঃশিক্ষা বোর্ডের মাধ্যমে ঢাকাতে প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে নিম্নে উল্লেখিত বিষয়ভিত্তিক শিক্ষকবৃন্দের নামের তালিকা ও সনদপত্রের ফটোকপি প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্রসহ (**Nikosh ban ও Excel Format**) পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে হাতে হাতে/ই-মেইলে (**controller@ jessoreboard.gov.bd**) আগামী ১৮-১১-২০২৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**বিষয়ের নাম :** ১. বাংলা-১ম পত্র, ২. পদার্থবিজ্ঞান , ৩. রসায়ন, ৪. জীববিজ্ঞান, ৫. ইতিহাস, ৬. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ৭. পৌরনীতি ও সুশাসন, ৮. সমাজবিজ্ঞান, ৯. সমাজকল্যাণ, ১০. ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, ১১. হিসাব বিজ্ঞান, ১২. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, ১৩. উচ্চতর গণিত, ১৪. পরিসংখ্যান, ১৫. কৃষিশিক্ষা, ১৬. গার্হস্থ্য বিজ্ঞান, ১৭. ভূগোল, ১৮. মনোবিজ্ঞান, ১৯. অর্থনীতি, ২০. যুক্তিবিদ্যা, ২১. ইসলাম শিক্ষা, ২২. ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা, ২৩. উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন।

**"ছক"**

| ক্রমিক | শিক্ষকের নাম ও পদবী | বিষয়ের নাম | প্রতিষ্ঠানের নাম, ঠিকানা মোবাইল নং ও ই-মেইল |
|---|---|---|---|
| ১. | | | |
| ২. | | | |

প্রশিক্ষণের জন্য শিক্ষক মনোনয়নের ক্ষেত্রে নিচের মানদন্ডসমূহ বিবেচনা করতে হবে :

১। এসএসসি থেকে স্নাতকোত্তর পর্যায়ে কমপক্ষে ০২ (দুই) টি বিষয়ে প্রথম বিভাগ/শ্রেণি/সমমানের/জিপিএ/সিজিপিএ (অগ্রাধিকার পাবে) ।
২। সংশ্লিষ্ট বিষয়ে পাঠদানের নূন্যতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
৩। কলেজের অভ্যন্তরীণ পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়নের অভিজ্ঞতা থাকতে হবে।
৪। নূন্যতম ১০ (দশ) বছর চাকরি অবশিষ্ট থাকতে হবে এবং
৫। ইতোপূর্বে ১২ দিনের সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়নের উপর ঢাকা থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন এমন শিক্ষকগণের নাম মনোনয়ন দেয়া যাবে না।

১৬-১১-২০২৫
(প্রফেসর ড. মোঃ আব্দুল মতিন)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন : ০২৪৭৭৬২৭১৪
ই-মেইল : controller@jessoreboard.gov.bd

অধ্যক্ষ
যশোর শিক্ষা বোর্ডের অধীন সকল কলেজ/
উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান

স্মারক নং- পনি/পিএ-১১৭৮ তারিখ : ১১-১১-২০২৫ খ্রি.

সদয় অবগতির জন্য প্রেরিত হলো :

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
২। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য
৪। অফিস কপি।